# ২০২২
# বাংলা
## (প্রোগ্রাম)
## জেনেরিক ইলেকটিভ
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : **BENG-G-GE-T-1**

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ট্রাজেডির দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) সামাজিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

গ) দুটি ঐতিহাসিক নাটকের নাম করো।

ঘ) 'কমেডি' শব্দের উৎস কী?

ঙ) 'সধবার একাদশী' নাটক কার লেখা ও কবে প্রকাশিত হয়?

চ) একাঙ্ক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

ছ) জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতার নাম করো। ঐ মঞ্চে অভিনীত দুটি নাটকের নাম লেখো।

[পর পৃষ্ঠায়]

জ) বেঙ্গলী থিয়েটারের প্রতিষ্ঠাতার নাম করো। ওখানে সর্বপ্রথম কোন্ নাটক অভিনীত হয়?

ঝ) "বাবা যদি জানতে পারেন আমি মদ খেইচি তিনি গলায় দড়ি দেবেন।"— কোন্ নাটকের অংশ? বাবা ও ছেলের নাম করো।

ঞ) "অমন গোপালকে নুন খাইয়ে মাত্তে হয়।"—বক্তা কে? 'গোপাল' বলতে কাকে বলা হয়েছে?

ট) "আর একবার স্নানযাত্রা কত্তে হবে" — স্নানযাত্রা কী? কথাটি এখানে কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ঠ) 'অচলায়তন' নাটকটির রচয়িতা কে? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

ড) পঞ্চকের গাওয়া একটি গানের প্রথম লাইনটি উল্লেখ করো।

ঢ) চারটি বাংলা পৌরাণিক নাটকের নাম করো।

ণ) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম রচয়িতার নামসহ উল্লেখ করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'সধবার একাদশী' নাটকের যে-কোনো একটি নারীচরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) 'অচলায়তন' নাটকে ব্যবহৃত যে কোনো একটি গানের উল্লেখ করে তার অর্থ লেখো।

গ) কমেডি নাটকের বৈশিষ্ট্যগুলি বিবৃত করো।

ঘ) জোড়াসাঁকো নাট্যশালার গুরুত্ব আলোচনা করো।

ঙ) প্রহসনের সংজ্ঞা দাও ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।



চ) 'সধবার একাদশী' নাটকের অটলবিহারী চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'সধবার একাদশী' নাটকের নামকরণ যথার্থ কিনা বুঝিয়ে দাও।

খ) 'অচলায়তন' নাটকের পঞ্চক চরিত্রটি আলোচনা করো।

গ) বাংলা নাট্যশালার ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার অবদান ব্যাখ্যা করো।

ঘ) সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।

———